

২০২২

বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমিস্টার

পত্র : SEC-A-2

(ব্যবহারিক বাংলা - ১)

পূর্ণমান - ৮০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। নিচের গল্পসূত্র থেকে কমবেশি ৩০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো। ১০
- রেলগাড়ির কামরা — হঠাৎ আলাপ — গল্প, হাসি, টুকরো মজা — নানারকম দৃশ্য দেখা — স্টেশনে স্টেশনে ট্রেন থামে —
লোক নামে, ওঠে — একসময় একজনের গন্তব্যস্থল এসে যায় — বিচ্ছেদের মুহূর্ত আসে।
- অথবা,
- নিম্নলিখিত অংশটি অবলম্বনে একটি চিত্রনাট্য নির্মাণ করো। ১০
- নিতাইয়ের মন কিন্তু কিছুতেই আকৃষ্ট হইল না। চাঁদের দিকে চাহিয়া সে ভাবিতেছিল— ঠাকুরঝির কথা, রাজনের কথা, যুবরাজের
কথা, বণিক মাতুলের কথা, বিপ্রপদের কথা, কৃষ্ণচূড়া গাছটির কথা, স্টেশনটির কথা, গ্রামখানির কথা। মধ্যে মধ্যে ইচ্ছা হইতেছিল—
পরের স্টেশনেই সে নামিয়া পড়িবে।
- স্টেশন পার হইয়া গেল, কিন্তু সে নামিতে পারিল না। হঠাৎ একসময় সে অনুভব করিল— নিজের অজ্ঞাতসারেই তাহার
চোখ কখন জলে ভরিয়া উঠিয়াছে, সে কাঁদিতেছে। চোখের জল মুছিয়া ফেলিয়া একটুখানি স্নান হাসিয়া এতক্ষণে সে সচেতন হইয়া
উঠিল। পরক্ষণেই স্বাভাবিক সুকণ্ঠে সে গান ধরিল— আহা! বার দুই-তিন তানা-না করিয়া সুর ভাঁজিয়া গান ধরিল—
- “চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি;
ছুঁতে তোমায় চাইনাকো হে চাঁদ, তোমার সোনার অঙ্গে লাগবে কালি।”
- বাজনদারটা নেশার মধ্যেও সজাগ হইয়া বসিয়া বলিল— বাহবা ওস্তাদ! গলাখানা পেয়েছিল বটে বাবা!...
- গাহিতে গিয়া নিতাই পরের কলি বদলাইয়া দিল। মন যেন গানে ভরিয়া উঠিয়াছে, সুরে ফেলিলেই সে গান হইয়া বাহির
হইয়া আসিতেছে—
- “না না, তাও করো মার্জনা— আজ থেকে আর তাও দেখব না—
জনতাম নাকো এই কু’চোখের দীপ্তিতে বিষ দেয় হে ঢালি।”
- স্টেশনের পর স্টেশন অতিক্রম করিয়া ট্রেন চলিয়াছিল। নিতাই গানখানা বার বার ফিরাইয়া ফিরাইয়া গাহিয়া চলিয়াছে। গাহিয়া যেন
তাহার তৃপ্তি হইতেছে না।
- ২। (ক) কলাবৃত্ত ধ্বনিপ্রধান / মাত্রাবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) আবৃত্তি কাকে বলে? আবৃত্তির বৈশিষ্ট্যগুলি লেখো। আবৃত্তির উপাদানগুলি কী কী? ৩+৪+৩

৩। (ক) 'পথের পাঁচালী' উপন্যাসের চলচ্চিত্রায়ণ মূল রচনাটিকে কীভাবে বিস্তার দান করেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

১০

অথবা,

(খ) বিংশ শতকে বাংলা উপন্যাসের চলচ্চিত্রায়ণ সম্পর্কে সাধারণ ধারণা দিয়ে শরৎচন্দ্রের যে-কোনো একটি উপন্যাসের সিনেমায় রূপান্তর বিষয়ে সংক্ষেপে লেখো।

১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৫×৬

(ক) উদাহরণসহ দলবৃত্ত বা স্বাসাঘাতপ্রধান ছন্দের তিনটি বৈশিষ্ট্য লেখো।

(খ) টীকা লেখো— যতি, পর্ব।

(গ) আবৃত্তিতে আবহসংগীত ও যন্ত্রানুসঙ্গ কতটা অপরিহার্য বলে তুমি মনে করো তা লেখো।

(ঘ) সুস্পষ্ট উচ্চারণ করার জন্য আবৃত্তিকারকে কী কী সতর্কতা অবলম্বন করতে হয়?

(ঙ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রের কাঞ্চন চরিত্রটির পরিচয় দাও।

(চ) একটি গল্পের প্রয়োজনীয় বৈশিষ্ট্যগুলি লেখো।

(ছ) 'ক্ষুধিত পাষণ' চলচ্চিত্রে নতকীর ভূমিকা সম্পর্কে লেখো।

(জ) নাট্যরূপ ও চিত্রনাট্যের পার্থক্য বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

(ক) 'পথের পাঁচালী' চলচ্চিত্রের সংগীত পরিচালক কে?

(খ) বাংলায় নির্মিত প্রথম পূর্ণাঙ্গ নির্বাক সিনেমার নাম কী?

(গ) 'ক্ষুধিত পাষণ' চলচ্চিত্রের পরিচালক কে?

(ঘ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রের কাহিনিকার কে?

(ঙ) বাংলা ছন্দে দলের ক'টি বিভাগ ও কী কী?

(চ) পয়ারের একটি বৈশিষ্ট্য লেখো।

(ছ) স্পট লাইট কাকে বলে?

(জ) শিস্ ধ্বনি বলতে কী বোঝো?

(ঝ) সত্যজিৎ রায় পরিচালিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস অবলম্বনে নির্মিত একটি চলচ্চিত্রের নাম লেখো।

(ঞ) 'মেঘে ঢাকা তারা' চলচ্চিত্রের পরিচালক কে?

(ট) উদাত্ত আর অনুদাত্ত স্বর বলতে কী বোঝো?

(ঠ) 'আবৃত্তি' শব্দের আভিধানিক অর্থ কী?

(ড) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রটি প্রথম কবে মুক্তি পেয়েছিল?

(3)

X(3rd Sm.)-Bengali-H/SEC-A-2/CBCS

- (ঢ) রবীন্দ্রনাথ— এই শব্দে মোট কয়টি অক্ষর রয়েছে?
- (গ) 'কবিতার ক্লাস' গ্রন্থটির লেখকের নাম কী?
- (ত) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রে বুলবুলভাজা বিক্রেতার নাম কী?
- (থ) 'শট' কাকে বলে?
- (দ) 'পথের পাঁচালী' উপন্যাসটি প্রথম প্রকাশিত হয়েছিল কবে?
- (ধ) 'ভ্রান্তিবিলাস' চলচ্চিত্রের মূল কাহিনি কার রচনা?
- (ন) মান্য চলিত উচ্চারণে 'অরুণ' শব্দের 'অ'-এর ধ্বনিরূপটি লেখো।
-